

জাতীয় বিশ্ববিদ্যালয়

স্নাতক প্রথম বর্ষের মেধা তালিকা প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

২১ জুন ২০২২ ১২:০০ এএম

| আপডেট: ২১ জুন ২০২২

১২:১৮ এএম

6
Shares

বর্ষ প্রজ্ঞান মুদ্রণ
আমাদের মুদ্রণ

advertisement

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষে ভর্তির মেধা তালিকা প্রকাশ করা হয়েছে। গতকাল সোমবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরিচালনা কমিটির সদস্য সচিব (স্নাতক, সম্মান) অধ্যাপক ড. মো. নাসিরউদ্দিন গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, স্নাতক প্রথম বর্ষে ভর্তির মেধা তালিকা প্রকাশ করা হয়েছে। এখন ২৮ জুনের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তিসংক্রান্ত ওয়েবসাইটে গিয়ে অনার্স অ্যাপ্লিকেন্ট লগ-ইন লিংকে যেতে হবে। এরপর সঠিক রোল নাম্বার ও পিন নাম্বার দিয়ে লগ-ইন করে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি নিয়ে ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে। মুঠোফোনে এসএমএস-এর মাধ্যমে ফল জানা যাবে। যে শর্ত মানতে হবে : প্রথম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুল শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কোনো শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৭ জুনের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।

তা না হলে দ্বিতীয় ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। প্রথম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী তার

বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে হ্যাঁ অপশন সিলেক্ট করতে হবে।

এ ক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ৩ জুলাই থেকে শুরু হবে। এর আগে গত ২২ মে শুরু হয় স্নাতক প্রথম বর্ষের ভর্তির আবেদন, যা চলে ৯ জুন পর্যন্ত।

২০২১-২২ শিক্ষাবর্ষে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার তিন ইউনিটে সর্বমোট ৫ লাখ ৪৮ হাজার ৪২৮ জন ভর্তিচ্ছু আবেদন করেছেন। এর মধ্যে বিজ্ঞানে ১ লাখ ৬০ হাজার ৮৮৪ জন, ব্যবসায় শিক্ষা শাখায় ১ লাখ ১২ হাজার ৭৬৫ এবং মানবিকে ২ লাখ ৭৪ হাজার ৭৮২টি আবেদন পড়েছে।

6
Shares